

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০২.২০১৪-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, আ,ক,ম মুহসীন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কবিরহাট, নোয়াখালী তার পূর্ববর্তী কর্মস্থল দোহার, ঢাকায় কর্মকালীন উক্ত কার্যালয়ের ১১টি চেকের মাধ্যমে যুব ঋণের ১,০৯,৫০০/- টাকা আত্মসাত, ভূয়া ঋণ প্রদান, উপকরণ ঋণের ৬,১৪,৪৭৪/৫০ টাকা আত্মসাত করে পরবর্তীতে জমা, উপকরণ ঋণের ১,৬৫,৮৩৭/- টাকা ব্যাংকে জমা প্রদান না করা, ৫% অগ্রীম সঞ্চয়ী হিসাবে ৯২,০৩৫/- টাকা এবং ব্যক্তিগত সঞ্চয় তহবিলে ৫৩,০৩২/- টাকা ঘাটতির অভিযোগে অত্র দপ্তরের ১১-২-২০১৪ খ্রিঃ তারিখে ৫৩ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ০৮-৫-২০১৪ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে আনীত অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন; তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে ৮,৪৪,৫৪১/- টাকা আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয়। উল্লেখ্য, ইতোমধ্যে তিনি ৮,৪৪,২৭১/- টাকা জমা প্রদান করেছেন; বর্তমানে তার নিকট ২৭০/- টাকা অনাদায়ী রয়েছে;

০৩। যেহেতু, বিভাগীয় মামলার জবাব, তদন্ত প্রতিবেদন, আত্মসাতকৃত অর্থ জমা হওয়া এবং নথি পর্যালোচনায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) এক্ষণে, সেহেতু আ,ক,ম মুহসীন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কবিরহাট, নোয়াখালী-কে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো ;

খ) ভবিষ্যতে এ ধরনের আচরণ থেকে বিরত থাকতে তাকে সতর্ক করা হলো;

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৯৩৮৯  
তারিখঃ ২২.৭.১৪ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০২.২০১৪- ২০৬

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা/নোয়াখালী।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কবিরহাট, নোয়াখালী।
- ০৬। আ,ক,ম মুহসীন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কবিরহাট, নোয়াখালী।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃঙ্খলা)  
ফোন : ৯৫৫১৮৫৯